হাম এটা শুধু সামান্য ফুসকুড়ি নয়

হাম বিপজ্জনক হতে পারে, বিশেষ করে শিশু এবং ছোট বাচ্চাদের জন্য।

হামের লক্ষণগুলির মধ্যে সাধারণত এগুলো অন্তর্ভুক্ত:

- **খুব জ্বর** (104° ফারেনহাইটের বেশি হতে পারে)
- **কাশি**
- **সর্দি**
- **লাল এবং/অথবা জল পড়া চোখ**
- **ফুসকুড়ি** (লক্ষণ শুরু হওয়ার 3-5 দিন পরে ফুটে ওঠে)

হাম মারাত্মক হতে পারে।

হাম মারাত্মক স্বাস্থ্য জটিলতা সৃষ্টি করতে পারে, যার মধ্যে নিউমোনিয়া, মস্তিষ্কের ফোলাভাব (এনসেফালাইটিস) ও মৃত্যু অন্তর্ভুক্ত।

হামে আক্রান্ত **5 জনের মধ্যে 1 জনকে** হাসপাতালে ভর্তি করা হবে।

হামে আক্রান্ত প্রতি **20 জন শিশুর মধ্যে 1 জন** নিউমোনিয়ায় আক্রান্ত হবে, যা ছোট বাচ্চাদের হামের কারণে মৃত্যুর সবচেয়ে সাধারণ কারণ।

হামে আক্রান্ত প্রতি **1,000 জনের মধ্যে 1 জনের** মস্তিষ্কে ফোলাভাব দেখা দেয়, যা মস্তিষ্কের ক্ষতি হওয়ার কারণ হতে পারে।

হামে আক্রান্ত **1,000 জনের মধ্যে 1 থেকে 3 জন** মারা যাবে।

দীর্ঘমেয়াদী জটিলতা

হাম থেকে সেরে ওঠার 7 থেকে 10 বছর পরে সাবঅ্যাকিউট স্ক্লেরোজিং প্যানেন্সফালাইটিস নামক একটি খুবই বিরল কিন্তু মারাত্মক রোগ দেখা দিতে পারে।

আপনার সন্তানকে রক্ষা করার ক্ষমতা আপনার আছে।

আপনার সন্তানদের হাম-মাম্পস-রুবেলার (MMR) টিকা নেওয়া নিশ্চিত করে হামের থেকে নিরাপদ ও দীর্ঘস্থায়ী সুরক্ষা প্রদান করুন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।